



# ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১, (এমআরটি লাইন-১)

## ডিপো এলাকার জন্য পুনর্বাসন কর্মপরিকল্পনা (র্যাপ-১)

### সারসংক্ষেপ

ফেব্রুয়ারি ২০২৩

প্রস্তুতকারী

**NKDOS**

এনকেডস কনসোর্টিয়াম

এমআরটি লাইন-১ [ই/এস] এর পরামর্শক প্রতিষ্ঠান

(নিপ্লন কোয়েই, ওরিয়েন্টাল, সিস্ট্রা, ডিএমআরসি, এনকে ইন্ডিয়া,

কাতাহিরা, ডিডিসি-এর যৌথ উদ্যোগ)

বাড়ি# ০৭, সড়ক# ৮০, গুলশান-২, ঢাকা, বাংলাদেশ

### সহযোগিতায়



নলেজ ম্যানেজমেন্ট কনসালটেন্টস (কেএমসি) লিঃ

[র্যাপ বাস্তবায়নকারী সংস্থা]

বাড়ি# ০৯ (লেভেল-২), সড়ক# ১/বি, বনানী, ঢাকা ১২১৩, বাংলাদেশ

## সূচিপত্র

১. প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ (Project Overview) .....	iii
২. আইনি এবং নীতি কাঠামো (Legal and Policy Framework) .....	v
৩. ক্ষতিগ্রস্ত এলাকার আর্থ-সামাজিক বৈশিষ্ট্য (Socio-economic Characteristics of Affected Area) .....	v
৪. ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসনের প্রভাব (Land Acquisition and Resettlement Impacts) .....	vi
৫. মতবিনিময়, অংশগ্রহণ এবং প্রকাশ (Consultation, Participation, and Disclosure).....	viii
৬. ক্ষতিপূরণ পাওয়ার নীতি এবং প্রাপ্যতার ছক (Eligibility Policy and Entitlement Matrix) .....	ix
৭. পুনর্বাসন এবং জীবিকা পুনঃস্থাপন (Resettlement and Livelihood Restoration) .....	xiii
৮. অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া (Grievance Redress Mechanism (GRM) .....	xiii
৯. RAP বাস্তবায়ন ব্যবস্থা (RAP Implementation Arrangement) .....	xiv
১০. খরচ এবং বাজেট (Cost and Budget) .....	xiv
১১. পর্যবেক্ষণ এবং মূল্যায়ন (Monitoring and Evaluation) .....	xv
১২. উপসংহার এবং সুপারিশসমূহ (Conclusion and Recommendations).....	xv


## সারণির তালিকা

সারণি ১: ক্ষতির ধরন এবং জনসংখ্যাসহ জরিপকৃত খানার সংখ্যা .....	vi
সারণি ২: শ্রেণি অনুযায়ী ডিপো এলাকায় ক্ষতিগ্রস্ত ভূমির পরিমাণ (জেলা প্রশাসকের কার্যালয়ের চূড়ান্ত মূল্যায়ন অনুযায়ী)--	vii
সারণি ৩: পিতলগঞ্জ মাদ্রাসায় অংশীজনদের সাথে মতবিনিময় সভা .....	viii
সারণি ৪: ক্ষতিপূরণ এবং প্রাপ্যতার ছক .....	x

## ১. প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ (Project Overview)

ঢাকা পৃথিবীর একটি অন্যতম অধিক ঘনবসতিপূর্ণ শহর। ফলে এখানে দীর্ঘস্থায়ী যানজট প্রকট আকার ধারণ করেছে। ঢাকা শহরের কৌশলগত পরিবহন পরিকল্পনা (Strategic Transport Plan-STP 2005) অনুযায়ী, বর্তমানে ম্যাস র‍্যাপিড ট্রানজিট (Mass Rapid Transit-MRT) লাইন-৬ এর বাস্তবায়ন কাজ জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (Japan International Cooperation Agency-JICA) আর্থিক সহায়তায় চলমান। এটি স্থায়ী যানজট নিরসনের একটি পদক্ষেপ, যা ঢাকার যানজটের পাশাপাশি ক্রমবর্ধমান বায়ুদূষণ রোধ করতে সহায়তা করবে। প্রকল্পের বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)।

সংশোধিত কৌশলগত পরিবহন পরিকল্পনা (Revised Strategic Transport Plan -RSTP 2015) অনুযায়ী পরবর্তী অগ্রাধিকার প্রকল্প হিসেবে এমআরটি লাইন-১ কে বাস্তবায়নের জন্য চিহ্নিত করা হয়েছে। জাইকা বিগত ২০১৬ থেকে ২০১৮ সালের মধ্যে এমআরটি লাইন-১ এর ওপর একটি সম্ভাব্যতা যাচাই সমীক্ষা পরিচালনা করে। অতঃপর, এমআরটি লাইন-১ এর জন্য জাইকা'র আর্থিক সহায়তায় প্রকৌশল পরিষেবা ডিসেম্বর ২০১৮ থেকে শুরু হয়। উল্লেখ্য যে, ডিএমটিসিএল এনকেডস কনসোর্টিয়ামকে (জাপানের নিপ্পন কোইয়ের নেতৃত্বে সাতটি সংস্থার একটি যৌথ উদ্যোগ) প্রকৌশল পরিষেবার জন্য নিযুক্ত করেছে। নিম্নে এমআরটি লাইন ১-এর রুটটি চিত্র ১-এ দেখানো হলো।



সূত্র: এনকেডস কনসোর্টিয়াম

চিত্র-১: এমআরটি লাইন ১-এর রুট ম্যাপ

চিত্র-১ থেকে দেখা যায় যে, এমআরটি লাইন-১ এর দুটি অংশ রয়েছে, প্রথমটি হলো বিমানবন্দর থেকে কমলাপুর পর্যন্ত পাতাল (Underground) অংশ; দ্বিতীয়টি হলো কুড়িল থেকে পূর্বাচল পর্যন্ত উড়াল (Elevated) অংশ। এছাড়াও পূর্বাচল নতুন শহরের দক্ষিণে পিতলগঞ্জ-এ, উড়াল অংশের একেবারে পূর্ব দিকে এর ডিপো রয়েছে।

এমআরটি লাইন ১-এর গমনপথ, সুড়ঙ্গ, পাতাল স্টেশন এবং উড়াল স্টেশনগুলো বেশির ভাগ প্রধান সড়ক জুড়ে অবস্থিত। সুতরাং, এমআরটি লাইন ১-এর জন্য চলাচলের রাস্তার (Right of Way) পরিসর মূলত সরকারি। ডিপো ও ডিপোতে প্রবেশের সংযোগপথ (Access Corridor), স্টেশনের প্রবেশ/ বহির্গমন (Entry/ Exit) পথ এবং বায়ুচলাচল প্রণালীগুলো (Ventilation Ducts)


ডিপো এলাকার জন্য হালনাগাদকৃত পুনর্বাসন কর্ম পরিকল্পনা (র্যাপ-১)

ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১ (এমআরটি লাইন-১)

ব্যক্তিগত এবং সরকারি ভূমিতে স্থাপিত হবে বিধায় এর জন্য ভূমি অধিগ্রহণ বা বিভাগীয় ভূমি হস্তান্তর প্রয়োজন হবে। ভূমি অধিগ্রহণের সামাজিক প্রভাব কমাতে ২০১৮ সালে সম্ভাব্যতা যাচাই সমীক্ষার অধীনে একটি পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP) প্রস্তুত করা হয়েছিল। এনকেডস কনসোর্টিয়াম-এর কাজগুলোর মধ্যে রয়েছে: (১) ভূমি অধিগ্রহণ পরিকল্পনা (LAP) তৈরি করা; (২) ২০১৮ সালে তৈরিকৃত প্রকল্পের পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP) হালনাগাদ করা এবং (৩) LAP এবং RAP বাস্তবায়নে সহায়তা করা। LAP/ RAP-সম্পর্কিত কার্যক্রম সম্পাদনে সহায়তা করার জন্য এনকেডস কনসোর্টিয়াম RAP বাস্তবায়নকারী সংস্থা হিসেবে নলেজ ম্যানেজমেন্ট কনসালটেন্টস (কেএমসি) লিঃ-কে নিযুক্ত করেছে। ২০১৯ সালের মে মাস থেকে কেএমসি লিঃ এর সাথে চুক্তি কার্যকর হয়েছে।

ডিপোর ভূমি উন্নয়নের কার্যক্রম অন্যান্য কাজের তুলনায় প্রায় এক বছর পূর্বে শুরু হবে। নকশার কাজের কিছুটা অগ্রগতি নিশ্চিত না হওয়া পর্যন্ত মূল লাইনের জন্য সঠিক পরিমাণ ভূমির প্রয়োজনীয়তা নিশ্চিত করা সম্ভবপর হবে না। নির্মাণকাজ ধাপে ধাপে সম্পন্ন হওয়া এবং নকশা চূড়ান্তকরণে সময়ের পার্থক্যের কারণে দুটি RAP ক্রমানুসারে প্রস্তুত করা হয়েছে। প্রথমটি হলো, সংযোগকারী পথের ব্যক্তিগত ভূমিসহ ডিপো এলাকার জন্য হালনাগাদকৃত ডিপো RAP (RAP-1) এবং অপরটি হলো মূল লাইনের প্রবেশ/ বহির্গমন এলাকায় অবস্থিত স্থাপনা, রিসিভিং সাব-স্টেশন-২ (RSS-2), এবং ডিপোতে প্রবেশ করার সংযোগকারী পথের সরকারি ভূমির জন্য RAP (RAP-2)।

এ পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP-1) ডিপো এবং ডিপোতে প্রবেশ করার সংযোগকারী পথ (ব্যক্তিগত) এর জন্য তৈরি করা হয়েছে। এটি বাংলাদেশ সরকারের এতদসংক্রান্ত জাতীয় আইন ‘স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন, ২০১৭’ এবং পরিবেশগত ও সামাজিক বিষয়বস্তু বিবেচনার জন্য জাইকার নির্দেশিকা (JICA Guidelines for Environmental and Social Considerations, GESG, 2010) অনুসরণ করে প্রস্তুত করা হয়েছে। ডিপো এলাকা এবং এতে প্রবেশ করার সংযোগকারী পথ নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজায় অবস্থিত। ডিপো এবং এর সংযোগকারী পথের একটি অংশের জন্য মোট ৯২.৯৭২৫ একর (৩৭.৬২৫৪ হেক্টর) ব্যক্তিগত ভূমি অধিগ্রহণের জন্য অনুমোদিত হয়েছে। ডিপোতে প্রবেশ করার সংযোগকারী পথের অন্য অংশে রাজউক এবং ফায়ার সার্ভিস (১.৩২৫০ একর) থেকে বিভাগীয় ভূমি হস্তান্তর প্রয়োজন হবে, যা RAP-2 এর আওতায় আসবে। নিম্নে ডিপো এলাকার লেআউট চিত্র-২ এ দেখানো হলো।



পরিবেশগত এবং সামাজিক বিবেচনা সম্পর্কিত জাইকার নির্দেশিকা (GESG, April 2010) অনুযায়ী যদি স্ক্রিনিং বা সামাজিক

## ডিপো এলাকার জন্য হালনাগাদকৃত পুনর্বাসন কর্ম পরিকল্পনা (র্যাপ-১)

ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১ (এমআরটি লাইন-১)

মূল্যায়নে নির্ধারিত হয় যে, জনগণের উপর পুনর্বাসনের প্রভাব পড়বে, তাহলে উপযুক্ত বাজেটের বিধানসহ একটি সমঝাবন্ধ RAP প্রস্তুত করতে হবে, যেটি প্রকল্পের নকশার একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে অন্তর্ভুক্ত হবে। এ নীতি অনুসরণ করে বাংলাদেশ সরকারের আইনি কাঠামো এবং জাইকার নির্দেশিকার আলোকে ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসন উভয় সমস্যাকে বিবেচনা করে এ RAP প্রস্তুত করা হয়েছে। এই RAP-এ সন্নিবেদন হয়েছেঃ (১) ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসন সমস্যা; (২) নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর প্রতি বিশেষ মনোযোগ দিয়ে এর বিরূপ প্রভাব প্রশমন; (৩) ক্ষতিগ্রস্ত পরিবারের উপযুক্ত সদস্যদের আয় বৃদ্ধিতে সহায়তা এবং (৪) দরিদ্র জনগণের দারিদ্র্য নিরসনে সহায়তা প্রদান।

ক্ষতিপূরণ প্রাপ্তি এবং পুনর্বাসন সহায়তা পাওয়ার জন্য নির্বাচিত হওয়ার যোগ্যতা চূড়ান্ত তারিখের (Cut-off Date) মধ্যে সীমাবদ্ধ থাকবে। ‘স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন, ২০১৭’ অনুসারে, আইনের অধীনে ক্ষতিপূরণ প্রদানের জন্য চূড়ান্ত তারিখ হচ্ছে ধারা ৪ বিজ্ঞপ্তি জারির তারিখ। এই প্রকল্পে ডিপো এলাকার জন্য আইনি চূড়ান্ত তারিখ হলো ১৩ আগস্ট ২০২০, যা জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ কর্তৃক ‘স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন, ২০১৭’ এর ধারা ৪-এর অধীনে নোটিশ প্রদানের তারিখ।

প্রকল্প এলাকার মধ্যে বসবাসকারী কোনো স্বত্বহীন (Non-Titled) ব্যক্তি, যেমন-বস্তিবাসী/দখলকারী বা অন্যান্য অনানুষ্ঠানিকভাবে বসবাসকারীদের (Informal Settlers) জন্য চূড়ান্ত তারিখ হচ্ছে শুমারি এবং আর্থ-সামাজিক জরিপ শুরুর তারিখ বা আইনি চূড়ান্ত তারিখ এর মধ্যে যেটা আগে শুরু হবে সেটা। এ প্রকল্পে আর্থ-সামাজিক জরিপ শুরুর তারিখ ছিল ধারা ৪-এর বিজ্ঞপ্তির পরে। অতএব সামাজিক চূড়ান্ত তারিখও (Cut-off Date) হলো ১৩ আগস্ট ২০২০।

## ২. আইনি এবং নীতি কাঠামো (Legal and Policy Framework)

এমআরটি লাইন-১ এর জন্য ভূমি অধিগ্রহণ এবং অনৈচ্ছিক পুনর্বাসনের (Involuntary Resettlement) জন্য আইনি এবং নীতি কাঠামোর ভিত্তি হচ্ছে- (১) ‘স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন, ২০১৭’ এবং (২) পরিবেশগত এবং সামাজিক বিবেচনার জন্য জাইকার নির্দেশিকা (GESC, 2010)।

বাংলাদেশে ভূমি অধিগ্রহণের প্রধান আইনি দলিল হলো ২০১৭ সালের স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন। এই আইন অনুযায়ী ক্ষতিপূরণ প্রদেয় হবে- (১) স্থায়ীভাবে অধিগ্রহণ করা ভূমি এবং সম্পদের জন্য (মাঠের ফসল, গাছপালা ও ঘর); এবং (২) অধিগ্রহণের ফলে সৃষ্ট অন্য কোনো ক্ষতির জন্য।

জাইকার পরিবেশগত এবং সামাজিক বিবেচনার নির্দেশিকা সমস্ত ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের স্বত্ব (Title) নির্বিশেষে তাদের উপরে পড়া প্রভাবগুলোকে স্বীকৃতি দেয় ও মোকাবিলা করে। এসবের প্রতিটি ক্ষেত্রে জাইকা যেখানে অনিচ্ছাকৃত পুনর্বাসন (Involuntary Settlements) ঘটে সেখানে RAP প্রস্তুতের প্রয়োজনীয়তা অনুধাবন করে। বাংলাদেশের স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন, ২০১৭ সব ক্ষেত্রে জাইকা (GESC, April 2010)-এর RAP নির্দেশনাবলির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। এ RAP-এ সরকারি আইন এবং জাইকার বাধ্যবাধকতার মধ্যে তুলনামূলক বিশ্লেষণ করা হয়েছে এবং সামঞ্জস্য স্থাপন বা শূন্যস্থান পূরণের জন্য ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাবনা দেওয়া হয়েছে। এর বিস্তারিত মূল RAP প্রতিবেদনে পাওয়া যাবে। স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন, ২০১৭ এবং জাইকার নির্দেশনা GESC 2010 উভয়ের সমন্বয়ে এ RAP প্রস্তুত করা হয়েছে।

## ৩. ক্ষতিগ্রস্ত এলাকার আর্থ-সামাজিক বৈশিষ্ট্য (Socio-economic Characteristics of Affected Area)

ডিপো এলাকা নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজায় অবস্থিত। মোট ৯২.৯৭২৫ একর (৩৭.৬২৫৪ হেক্টর) ভূমি অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে পিতলগঞ্জ মৌজায় ৯১.৮৫২৫ একর (৩৭.১৭২২ হেক্টর) এবং ব্রাহ্মণখালী মৌজায় ১.১২ একর (০.৪৫৩২ হেক্টর)। খানা, ভূমির মালিক, দোকান এবং সর্বজনীন ব্যবহার্য সম্পত্তিসহ মোট ৫৩৮টি ইউনিট জরিপ করা হয়েছে। এর মধ্যে রয়েছে, ২টি মাদ্রাসা (ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠান) যা সর্বজনীন ব্যবহার্য সম্পত্তি (CPR)।

ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করে অনলাইন ডাটা সংগ্রহ পদ্ধতির মাধ্যমে ০৯ সেপ্টেম্বর ২০২০ থেকে ০৪ ডিসেম্বর ২০২০ তারিখ

পর্যন্ত এমআরটি লাইন-১ এর ডিপো এলাকায় আর্থ-সামাজিক জরিপ করা হয়েছিল। জরিপকৃত জনগণের জনতাত্ত্বিক তথ্য, বয়স, লিঙ্গ, পেশা, আয়, বৈবাহিক অবস্থা এবং অন্যান্য আর্থ-সামাজিক বিষয়সহ জরিপের বিশদ ফলাফল মূল প্রতিবেদনে বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে।

**সারণি ১:** ক্ষতির ধরণ এবং জনসংখ্যাসহ জরিপকৃত খানার সংখ্যা

ক্ষতিগ্রস্ত খানার শ্রেণিবিভাগ	খানার সংখ্যা	জনসংখ্যা
যে সকল খানাসমূহ আবাসিক অবকাঠামো হারাচ্ছে	৩৫৮	১৪৯৫
যে সকল খানাসমূহ দোকান/ বাণিজ্যিক অবকাঠামো হারাচ্ছে	২	৮
যে সকল খানাসমূহ আবাসিক অবকাঠামো এবং বাণিজ্যিক/ দোকান উভয়ই হারাচ্ছে	১২	৬৩
যে সকল খানাসমূহ কেবল ভূমি হারাচ্ছে	১৬৪	৬৯২
<b>সর্বমোট</b>	<b>৫৩৬</b>	<b>২২৫৮</b>

**সূত্র:** আর্থ-সামাজিক জরিপ, ডিসেম্বর ২০২০

এছাড়া সর্বজনীন ব্যবহার্য সম্পত্তি রয়েছে ২টি। ক্ষতিগ্রস্ত ব্যবসা ইউনিটে ৭ জন কর্মী নিয়োজিত ছিল। এছাড়া, ডিপো এলাকায় মোট ৪টি ভাড়াটিয়া পরিবার রয়েছে।

## ৪. ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসনের প্রভাব (Land Acquisition and Resettlement Impacts)

শুমারি (Census) এবং আইওএল (IOL) জরিপগুলো, যৌথতদন্ত জরীপ (JVS)-এর সাথে সমন্বয় করে পরিচালিত হয়েছে। সুতরাং, ক্ষতির পরিমাণ যৌথতদন্ত জরীপের ফলাফলের অনুরূপ। যৌথতদন্ত জরীপের ফলাফলের বিরুদ্ধে জনগণের আপীল করার সুযোগ রয়েছে এবং বিভাগীয় কমিশনার আপীলের রায় দেন, যা সংশোধিত JVS-এ অন্তর্ভুক্ত করা হয়েছে। ডিপো এলাকায় কোনো স্বত্বহীন ব্যক্তি না থাকায় RAP-এ গৃহীত IOL চূড়ান্ত JVS-এর ফলাফলের অনুরূপ।

জরিপ এবং দলীয় আলোচনায় (FGD) দেখা যায় যে, ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ নগদ ক্ষতিপূরণের মাধ্যমে স্ব-স্থানান্তর (Self-relocation) পছন্দ করেন। সুতরাং, প্রকল্পে বাস্তবায়িত পরিবার এবং দোকানের জন্য ভূমি প্রদানের কোনো ব্যবস্থা থাকবে না, বরং ক্ষতিপূরণ এবং পুনর্বাসন সুবিধাদি প্রদানের পরে স্ব-নির্বাচিত স্থানান্তরের (Self-managed Relocation) জন্য তাদের অনুপ্রাণিত করা হবে।

ডিপো এলাকাটি গ্রামীণ এবং শহুরে পরিবেশের সংমিশ্রণ। প্রকল্পের ডিপোর জন্য মোট ৯২.৯৭২৫ একর বা ৩৭.৬২৫৪ হেক্টর ভূমি অধিগ্রহণের জন্য অনুমোদিত হয়েছে। অধিকাংশ ভূমিই কৃষিভূমি এবং এর পর রয়েছে ভিটি/ বসতবাড়ি। ক্ষতিগ্রস্ত এলাকায় বিভিন্ন শ্রেণির ভূমি রয়েছে। যৌথ তদন্তের সময় ভূমির প্রকৃত শ্রেণি চিহ্নিত করা হয়েছে, যা নথিপত্রে উল্লিখিত শ্রেণি অনুযায়ী ভিন্ন হতে পারে। উল্লেখ্য যে, ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের উপস্থিতিতে জেলা প্রশাসকের কার্যালয় এবং ডিএমটিসিএল কর্তৃক যৌথ তদন্ত পরিচালিত হয়েছিল। জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক যৌথ তদন্তের রিপোর্ট প্রকাশের পর ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ ‘স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭’ অনুযায়ী বিভাগীয় কমিশনারের কাছে আপীল করার অনুমতি পায়। সরেজমিন যাচাই এবং গণশুনানির পর বিভাগীয় কমিশনার কিছু ভূমির শ্রেণি পরিবর্তন করেন। উপর্যুক্ত অংশগ্রহণমূলক পদ্ধতির মাধ্যমে উল্লিখিত ভূমির শ্রেণি নির্বাচনের কারণে বিগত ১৩ মার্চ ২০২২ তারিখে জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক প্রস্তুতকৃত নথি অনুসারে চূড়ান্তকৃত শ্রেণিই এ RAP-এ বিবেচিত হয়।

নিম্নের সারণি ২-এ জেলা প্রশাসকের কার্যালয়ের মূল্যায়ন অনুসারে ডিপো এলাকার জন্য মৌজাভিত্তিক ভূমির শ্রেণি দেখানো হয়েছে। উল্লেখ্য যে, জেলা প্রশাসকের কার্যালয়ের মূল্যায়নে ভূমির পরিমাণ অনুমোদিত ভূমির পরিমাণের থেকে কিছুটা ভিন্ন। ভূমির মালিকদের উপর বিরূপ প্রভাব প্রশমিত করার জন্য এ RAP প্রতিস্থাপন মূল্যে (Replacement Value-RV) ক্ষতিপূরণ প্রদানের পরামর্শ দেয়।

**সারণি ২:** শ্রেণি অনুযায়ী ডিপো এলাকায় ক্ষতিগ্রস্ত ভূমির পরিমাণ (জেলা প্রশাসকের কার্যালয়ের চূড়ান্ত মূল্যায়ন অনুযায়ী)

ভূমির শ্রেণি	পিতলগঞ্জ	ব্রাহ্মণখালী	মোট (একর)
নাল/ কৃষি ভূমি	৪২.৩২০৭	০.১৪	৪২.৪৬০৭
ভিটি/ উঁচু ভূমি	৩৫.১৬৮৯	০.২৭৭৫	৩৫.৪৪৬৪
বসতবাড়ি	১২.৭৫০৪	০.৬৭২৫	১৩.৪২২৯
চালা	১.১৬৭৫	০.০৩	১.১৯৭৫
পুকুর	০.১৯৫০	০	০.১৯৫০
মোট ভূমি অধিগ্রহণ	৯১.৬০২৫	১.১২	৯২.৭২২৫

সূত্র: ১৩ মার্চ ২০২২ তারিখের জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ কর্তৃক চূড়ান্ত প্রাক্কলন

JVS অনুসারে, ভূমি অধিগ্রহণের কারণে ৫৭২টি খানা ক্ষতিগ্রস্ত হবে। পারিবারিক এবং ব্যবসায়িক স্থাপনাসমূহ প্রকল্পের দ্বারা বাস্তবায়িত (Physically Displaced) হবে। সাধারণভাবে স্বত্বযুক্ত এবং স্বত্বহীন সমস্ত খানা এবং দোকানের ক্ষতিসমূহ RAP-এর অন্তর্ভুক্ত করা হয়েছে। মাঠ জরিপ অনুযায়ী, সকল স্থাপনা ও গাছ স্বত্বযুক্ত (Titled) এবং জেলা প্রশাসকের কার্যালয় থেকে আইন অনুযায়ী নগদ ক্ষতিপূরণ পাওয়ার জন্য উপযুক্ত।

ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের উপস্থিতিতে জেলা প্রশাসকের কার্যালয় এবং ডিএমটিসিএল কর্তৃক পরিচালিত যৌথতদন্ত জরিপ (JVS)- এর মাধ্যমে স্থাপনাসমূহ এবং গাছের প্রাথমিক তালিকা প্রস্তুত করা হয়েছে। পরবর্তীতে গণপূর্ত বিভাগ স্থাপনার এবং বন বিভাগ গাছের বিস্তারিত মূল্য তালিকা তৈরি করে। এই বিষয়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অভিযোগ করার সুযোগ ছিল এবং জেলা প্রশাসকের কার্যালয় শুনানির মাধ্যমে সেগুলোর নিষ্পত্তি করে।

যেহেতু অবকাঠামো এবং গাছের তালিকা অংশগ্রহণমূলক উপায়ে প্রস্তুত করা হয়েছিল, সেহেতু এ RAP জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক মূল্যায়ন করা একই তালিকা ব্যবহার করবে। পরবর্তীকালে, যৌথ যাচাইকরণ কমিটি (JVC) বিষয়টি নিশ্চিতকরণের জন্য তালিকাগুলো যাচাই করতে পারে।

এ অধিগ্রহণ পরিকল্পনায় দুটি মাদ্রাসা (ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠান) সর্বজনীন ব্যবহার্য সম্পত্তি হিসেবে ক্ষতিগ্রস্ত হয় এবং এগুলো হলো: (১) পিতলগঞ্জ পশ্চিম পাড়া মোস্তফা-ই- সুন্নিয়া দাখিল মাদ্রাসা এবং (২) পিতলগঞ্জ জামিউল উলুম তাহফিজুল কুরআন মাদ্রাসা। আর্থ-সামাজিক জরিপের মাধ্যমে, প্রকল্পের স্থানে মোট প্রান্তিক জনগোষ্ঠী (Vulnerable People) হিসেবে ৭৭ জন ব্যক্তিকে চিহ্নিত করা হয়েছে। প্রকল্পের দ্বারা ক্ষতিগ্রস্ত প্রান্তিক গোষ্ঠীগুলোর মধ্যে রয়েছে: (১) দরিদ্র মহিলাপ্রধান খানাসমূহ; (২) ক্ষতিগ্রস্ত দরিদ্র ও সুবিধাবঞ্চিত মহিলা; (৩) দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী খানাসমূহ; (৪) বয়স্ক প্রধান খানাসমূহ এবং (৫) প্রতিবন্ধী সদস্য সম্বলিত খানাসমূহ। অসহায় খানাসমূহকে সহায়তা করার জন্য বিশেষ সহায়তার প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে রয়েছে অতিরিক্ত খোরপোষ এবং স্থানান্তর সহায়তা (Relocation Assistance), দক্ষতা ও প্রশিক্ষণ এবং আয়-পুনরুদ্ধারের সুযোগ (Skill Training and Income Restoration), নির্মাণকাজে কর্মসংস্থানের সুযোগ।

ডিপোর ভূমি উন্নয়নে Non-vibrating Sand Compaction Piles (SCP) এর মতো উন্নত যন্ত্রপাতি ব্যবহৃত হবে। এ সকল সরঞ্জাম সাধারণত কোনো উল্লেখযোগ্য কম্পন সৃষ্টি করে না। তা সত্ত্বেও, সীমানা থেকে প্রায় ১০০ মিটার পর্যন্ত দূরে অবস্থিত মোট ২৬৫টি পরিবারের তথ্য সংগ্রহ করা হয়েছে। উল্লেখ্য যে, ঠিকাদার তাদের কাজ শুরুর পূর্বে একটি Building Condition Survey পরিচালনা করবে বলে আশা করা হচ্ছে।

## ৫. মতবিনিময়, অংশগ্রহণ এবং প্রকাশ (Consultation, Participation, and Disclosure)

## ডিপো এলাকার জন্য হালনাগাদকৃত পুনর্বাসন কর্ম পরিকল্পনা (র্যাপ-১)

ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১ (এমআরটি লাইন-১)

প্রাথমিকভাবে ২০১৮ সালে সম্ভাব্যতা যাচাই সমীক্ষার অধীনে এ প্রকল্পের জন্য একটি RAP প্রস্তুত করা হয়েছিল। সে সময়ে জনসাধারণের সাথে কয়েকবার মতবিনিময় করা হয়েছিল। সে RAP ডিএমটিসিএল-এর ওয়েবসাইটে রয়েছে। অতএব, জনগণ ইতোমধ্যে এই প্রকল্প এবং পূর্ববর্তী RAP-এর বিষয়বস্তু সম্পর্কে অবগত।

বিস্তারিত নকশা (Detail Design) পর্যায়ে RAP হালনাগাদ করা হয়। RAP হালনাগাদ করার অংশ হিসেবে অংশীজনদের প্রকল্পের বিশদ বিবরণ, ভূমি অধিগ্রহণ এবং অনিচ্ছাকৃত পুনর্বাসনের সাথে সম্পর্কিত সম্ভাব্য প্রতিকূল প্রভাব এবং এর প্রশমনের ব্যবস্থা সম্পর্কে দুটি মতবিনিময় সভা এবং ব্যক্তিগত আলোচনার মাধ্যমে অবহিত করা হয়। পাশাপাশি জনগণকে ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসনের সরকারি আইন এবং জাইকার সুরক্ষা নীতি সম্পর্কেও অবহিত করা হয়েছে।

প্রকল্পের অংশীজনদের চিহ্নিতকরণের মাধ্যমে হালনাগাদ কাজের বিষয়ে মতবিনিময়, আলোচনা এবং অংশগ্রহণ প্রক্রিয়ার কাজ শুরু করা হয়েছে। মাঠ জরিপ দলের সদস্যদের দ্বারা পরিচালিত একটি অংশীজনের প্রকৃতি যাচাই পদ্ধতি (Stakeholder Mapping Exercise) অনুসরণে প্রকল্পের অংশীজনদের চিহ্নিত করা হয়েছে।

মতবিনিময়, পরামর্শ এবং অংশগ্রহণের পদ্ধতিটি এমনভাবে প্রস্তুত করা হয়েছে যে, এটি সকল অংশীজনের একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে। যেন সেখানে তারা তাদের মতামত প্রকাশ, আলোচনা এবং তা নিয়ে বিতর্ক করতে পারে। অংশীজনদের চাহিদা, প্রত্যাশা, উপলব্ধি এবং পছন্দগুলো মূল্যায়ন করতে এবং তাদের অধিকার ও কথা বলার সুযোগ নিশ্চিত করার জন্য দুটি পর্যায়ে মতবিনিময় প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। এ বিষয়ে প্রথমে প্রাইমারি ও সেকেন্ডারি অংশীজনদের সাথে এবং পরবর্তীকালে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাথে ছোট ছোট দলীয় মতবিনিময় সভা এবং ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে অংশীজন মতবিনিময় সভা পরিচালিত হয়েছিল।

বাংলাদেশে কোভিড ১৯-এর প্রাদুর্ভাবের আগে প্রকল্প এলাকায় (ডিপো এলাকা) দুটি অংশীজন মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছিল। স্থানীয়ভাবে পর্দা প্রথা অনুসরণ সত্ত্বেও সমীক্ষা দলটি অংশীজনদের মতবিনিময় সভায় নারীদের অংশগ্রহণকে উৎসাহিত করেছিল এবং পুরুষ ও নারী উভয়ই মতবিনিময় সভায় উপস্থিত ছিল। নারী অংশগ্রহণকারীদের সংখ্যা অপেক্ষাকৃত কম ছিল। কারণ সেখানে নারীরা সবসময় জনসভায় যোগ দেওয়ার অনুমতি পায় না। RAP বাস্তবায়নের সময় পুরুষ এবং নারীদের মতামত/পরামর্শ পেতে আলাদা আলাদাভাবে তাদের সাথে পরামর্শ করা হবে। সারণি-৩ এ অংশীজন মতবিনিময় সভার তারিখ, সময়, স্থান, অংশগ্রহণকারীদের সংখ্যা এবং জেন্ডার উপস্থাপন করা হয়েছে।

### সারণি ৩: পিতলগঞ্জ মাদ্রাসায় অংশীজনদের সাথে মতবিনিময় সভা

ক্রম	তারিখ ও সময়	মিটিং-এর স্থান	অংশগ্রহণকারীদের ধরণ	অংশগ্রহণকারীর সংখ্যা		
				পুরুষ	নারী	মোট
১	মে ০৫, ২০১৯	পিতলগঞ্জ পশ্চিম পাড়া মোস্তফা-ই সুন্নিয়া দাখিল মাদ্রাসা	ইউএনও, উপজেলা চেয়ারম্যান, ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্য, ডিএমটিসিএল কর্মকর্তাগণ, পরামর্শদাতা, RAP IA (কেএমসি), ভূমির মালিক, মাদ্রাসা শিক্ষক, ধর্মীয় ব্যক্তিত্ব, ভূমির দালাল, সম্ভাব্য বাস্তুচ্যুত জনগণ ইত্যাদি	১০৭	১২	১১৯
২	সেপ্টেম্বর ০৫, ২০১৯	পিতলগঞ্জ পশ্চিম পাড়া মোস্তফা-ই সুন্নিয়া দাখিল মাদ্রাসা	এসি ল্যান্ড, ইউপি সদস্য, ডিএমটিসিএল কর্মকর্তাগণ, পরামর্শদাতা, RAP IA (কেএমসি), ভূমির মালিক, মাদ্রাসা শিক্ষক, ধর্মীয় ব্যক্তিত্ব ভূমির দালাল, সম্ভাব্য বাস্তুচ্যুত মানুষ ইত্যাদি	১২৬	১৯	১৪৫

ক্ষতিগ্রস্ত মানুষ এবং ডিপো এলাকার সাথে যুক্ত অন্য অংশীজনদের সাথে আলোচনা করার জন্য এবং তাদেরকে প্রকল্পের লক্ষ্য এবং উদ্দেশ্য, পরিবহণ ব্যবস্থার ক্ষেত্রে প্রকল্পের অবদান, স্থানীয় জনগণের ওপর সম্ভাব্য বিরূপ প্রভাব এবং তা প্রশমনের ক্ষেত্রে অনুসরণীয় সরকারি নীতি এবং জাইকার সুরক্ষা নীতি (GESC 2010), ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া, ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ভূমিকা এবং ক্ষতিপূরণ প্রদানে প্রকল্প কর্তৃপক্ষের ভূমিকা, অভিযোগ নিষ্পত্তি পদ্ধতি ইত্যাদি সম্পর্কে অবহিত করার জন্য অংশীজন মতবিনিময় সভাগুলো অনুষ্ঠিত হয়েছিল। পরামর্শ সভায় জনগণের মতামত চাওয়া হয় এবং তা যথাযথ উপায়ে লিপিবদ্ধ করা হয়।



## ডিপো এলাকার জন্য হালনাগাদকৃত পুনর্বাসন কর্ম পরিকল্পনা (র‍্যাপ-১)

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১ (এমআরটি লাইন-১)

কোভিড-১৯ মহামারি পরিস্থিতি বিবেচনা করে ২০২০ সালের মার্চ থেকে জনসমাগম এড়ানোর চেষ্টা করা হয় এবং প্রকল্প এলাকায় কোভিড সুরক্ষা নীতি বজায় রেখে ছোট ছোট দলীয় মতবিনিময় সভা (অনানুষ্ঠানিক) এবং ব্যক্তিগত যোগাযোগ করা হয়েছে। মতবিনিময় সভা চলাকালীন কোভিড নিয়ম মেনে মাস্ক ব্যবহার, হাত জীবাণুমুক্ত করা এবং অংশগ্রহণকারীদের মধ্যে দূরত্ব বজায় রাখা নিশ্চিত করা হয়।

মতবিনিময় সভার প্রধান ফলাফল নিম্নে তালিকাভুক্ত করা হয়েছে। বিস্তারিত মূল প্রতিবেদনে পাওয়া যাবে।

- স্থানীয় জনগণ এমআরটি লাইন-১ প্রকল্পের ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন প্রক্রিয়া সম্পর্কে অবগত ছিল।
- জেলা প্রশাসকের কার্যালয় থেকে ক্ষতিপূরণ পাওয়ার জন্য স্বত্বলিপি (Record of Rights) এবং অন্যান্য প্রয়োজনীয় নথি হালনাগাদ করতে স্থানীয় জনগণকে সহায়তা করার জন্য RAP IA হিসেবে কেএমসি-কে নিযুক্ত করা হয়েছে, যে বিষয়ে তারা অবহিত ছিল।
- তারা অনুধাবন করতে পেরেছিল যে, প্রকল্পটি ঢাকা শহর এবং স্থানীয় জনগণের জন্য পরিবহণ ব্যবস্থার উন্নতিতে দৃশ্যমান প্রভাব ফেলবে।
- ব্লক অধিগ্রহণের (Block Acquisition) কারণে প্রকল্পের মাধ্যমে বিপুল সংখ্যক লোক বাস্তুচ্যুত হবে।
- জনগণ পিতলগঞ্জ মৌজার জন্য সরকার কর্তৃক আরোপিত ভূমি হস্তান্তরের ওপর থেকে নিষেধাজ্ঞার প্রত্যাহারাদেশ দাবি করে।
- প্রকল্পের কারণে মাদ্রাসার মতো সর্বজনীন স্থাপনা (Community Structures) বাস্তুচ্যুত হবে।
- সরকার এবং জাইকার সুরক্ষা নীতি অনুযায়ী প্রতিস্থাপন মূল্যে যথাযথ ক্ষতিপূরণ এবং অন্যান্য সুবিধাসমূহ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হবে।
- ক্ষতিগ্রস্ত জনগণ ভূমির দামের সঠিক মূল্যায়ন দাবি করে।
- জনগণ স্থানান্তর এলাকাতে (Relocation Site) যেতে চায় না, বরং ভূমি ও অন্যান্য ক্ষতিগ্রস্ত সম্পত্তির জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ দাবি করে।
- জেলা প্রশাসকের কার্যালয় আইন অনুযায়ী ক্ষতিগ্রস্ত সম্পত্তির মূল্য নির্ধারণ করবে মর্মে জনগণকে বিস্তারিত জানানো হয়।
- ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের প্রতিস্থাপন মূল্য (RV) প্রাপ্তি নিশ্চিত করার জন্য একটি RAP প্রস্তুত করা হবে।
- কোন রকম ঝামেলা ছাড়াই ক্ষতিগ্রস্ত জনগণ তাদের দোরগোড়ায় ক্ষতিপূরণের চেক হস্তান্তর করার জন্য অনুরোধ জানায়।

জাইকার নির্দেশিকা অনুসারে, ডিএমটিসিএল কর্তৃক হালনাগাদকৃত RAP এবং এর বাংলা সারাংশ ডিএমটিসিএল ওয়েবসাইটে প্রকাশ করা হবে। RAP বাস্তবায়নের সময় ক্ষতিগ্রস্তদের মধ্যে বাংলা ভাষায় একটি তথ্য সম্বলিত পুস্তিকাও বিতরণ করা হবে।

## ৬. ক্ষতিপূরণ পাওয়ার নীতি এবং প্রাপ্যতার ছক (Eligibility Policy and Entitlement Matrix)

ভূমি অধিগ্রহণ এবং সংশ্লিষ্ট সম্পত্তির ক্ষতিপূরণ; ‘স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুম দখল আইন, ২০১৭’ অনুসরণ করে প্রত্যাশী সংস্থা ডিএমটিসিএল-এর সাথে সমন্বয় করে জেলা প্রশাসকের কার্যালয় দ্বারা নির্ধারিত হয়। এটি আইনানুগ ক্ষতিপূরণ (Compensation under Law-CUL) নামে পরিচিত। এটি প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্ত সকল আইনসম্মত স্বত্বাধিকারীদের (Project Affected Legal Titleholders) জন্য প্রযোজ্য। জেলা প্রশাসকের কার্যালয় এই ক্ষতিপূরণ প্রদান করে।

RAP-এর পদ্ধতি হলো আইনি স্বত্ব নির্বিশেষে RAP অনুযায়ী সম্পত্তির মূল্য নির্ধারণ কমিটি (Property Valuation Assessment Committee-PVAC)-এর মতো আইনত গঠিত সংস্থা কর্তৃক নির্ধারিত তাদের সম্পূর্ণ প্রতিস্থাপন মূল্য (Replacement Value-RV) দ্বারা ক্ষতিগ্রস্ত সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান নিশ্চিত করা। পুনর্বাসন সহায়তার নীতিটি স্থানান্তরিত পরিবারবর্গের, বিশেষ করে প্রান্তিক জনগোষ্ঠীর আয়ের ক্ষতি প্রতিস্থাপন এবং পুনরুদ্ধারের বিষয়ে লক্ষ্য রাখে। প্রকল্প কর্তৃপক্ষ (ডিএমটিসিএল) পুনর্বাসন সহায়তা প্রদান করে যার পরিমাণ হলো RV এবং CUL-এর মধ্যে পার্থক্য, যদি থাকে।

সাধারণভাবে প্রাপ্যতার ছক (Entitlement Matrix) শুমারি এবং আর্থ-সামাজিক জরিপের ওপর ভিত্তি করে ক্ষতির খাতগুলো শনাক্ত করা হয় এবং নির্ধারিত কাঠামো অনুসরণ করে সকল ধরনের ক্ষতির জন্য প্রাপ্যতা নিশ্চিত করে। প্রযোজ্য ক্ষেত্রে একজন

ডিপো এলাকার জন্য হালনাগাদকৃত পুনর্বাসন কর্ম পরিকল্পনা (র‍্যাপ-১)

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১ (এমআরটি লাইন-১)

ব্যক্তি একাধিক শ্রেণিতে এবং একাধিক মৌজায় ক্ষতিপূরণ প্রাপ্তির জন্য যোগ্য হতে পারেন। জেলা প্রশাসকের কার্যালয় প্রতিটি মৌজার জন্য আইনি প্রক্রিয়ার মাধ্যমে নির্ধারণ করা বাজারমূল্য অনুযায়ী আইনের অধীনে ক্ষতিপূরণ প্রদান করবে। পরোক্ষ ক্ষতির জন্য পুনর্বাসনের সুবিধা (Resettlement Benefit), RV এবং CUL-এর মধ্যে পার্থক্য RAP বাস্তবায়নকারী সংস্থা (RAP IA)-এর সহায়তায় ডিএমটিসিএল প্রদান করবে।

এ প্রকল্পের জন্য আপডেট করা প্রাপ্যতার ছকটি নিম্নের সারণিতে উপস্থাপন করা হয়েছে।

সারণি ৪: ক্ষতিপূরণ এবং প্রাপ্যতার ছক (Entitlement Matrix)

ক্রম	ক্ষতির শ্রেণি	প্রাপ্যযোগ্য ব্যক্তি (সুবিধাভোগী)	এমআরটি লাইন ১-এর হালনাগাদকৃত প্রাপ্যসমূহ (Entitlement)
১.	ভূমি সংক্রান্ত ক্ষতি (বসভিটা, বাণিজ্যিক, কৃষি ভূমি, পুকুর, ডোবা, বাগান ইত্যাদি)	জেলা প্রশাসক কর্তৃক শনাক্তকৃত ভূমির আইনি বৈধ মালিক(গণ)	<ul style="list-style-type: none"> <li>সম্পত্তির মূল্য নির্ধারণ কমিটি (PVAC) কর্তৃক নির্ধারিত ভূমির প্রতিস্থাপন মূল্য (RV), যার মধ্যে আইনের অধীনে নগদ ক্ষতিপূরণ (CUL) অন্তর্ভুক্ত।</li> <li>স্ট্যাম্প ডিউটি এবং রেজিস্ট্রেশন খরচ @ প্রকৃত প্রচলিত হারে (বর্তমানে ১১.৫%) বিকল্প ভূমি কেনার পরিমাণ অধিগ্রহণকৃত ভূমির পরিমাণ পর্যন্ত ধারা ৮-এর অধীনে বিজ্ঞপ্তি জারির পর ক্ষতিপূরণ প্রাপ্তির ১২ মাসের মধ্যে।</li> <li>প্রযোজ্য স্ট্যাম্প ডিউটি এবং রেজিস্ট্রেশন খরচ অধিগ্রহণকৃত ভূমির ধরন এবং পরিমাণের ওপর ভিত্তি করে নির্ধারণ করা হবে।</li> </ul>
২.	মালিক চাষি/ ভাড়াটিয়া/ ভাগচাষির দ্বারা চাষযোগ্য ভূমিতে প্রবেশাধিকার হারানো	ভাড়াটিয়া / ভাগচাষি / বর্গাচাষি/ আইনি মালিক / চাষি / সামাজিকভাবে স্বীকৃত মালিক / ইজারাদাতা / ভূমির অননুমোদিত দখলকারী	<ul style="list-style-type: none"> <li>স্থায়ী ফসলের জন্য ক্ষতিপূরণ মালিক চাষি/ ভাগচাষি ইজারাদাতাকে প্রদেয় হবে, যা PVAC কর্তৃক নির্ধারিত হবে।</li> <li>মালিক/ কৃষকদের ফসল নিতে দেওয়া হবে।</li> </ul>
৩.	গাছ/ বহুবর্ষজীবী/ মাছের ক্ষতি	১. ভূমির বৈধ মালিক ২. সামাজিকভাবে স্বীকৃত মালিক / গাছ / মাছের অননুমোদিত দখলকারী	<ul style="list-style-type: none"> <li>ব্যক্তিগত ভূমিতে গাছ/ বহুবর্ষজীবী/ মাছের মজুদের জন্য আইনের অধীনে নগদ ক্ষতিপূরণ (CUL) জেলা প্রশাসকের কার্যালয় প্রদান করবে।</li> <li>সরকারি ভূমিতে স্বত্বহীন গাছ/ বহুবর্ষজীবী/ মাছের মজুদের জন্য PVAC কর্তৃক CMP মূল্যায়ন করা হবে।</li> <li>ফলদ গাছের ফলমূলের জন্য ক্ষতিপূরণ কাঠের মূল্যের ৩০% x ১ বছর ধরে হিসাব করা হবে।</li> <li>প্রকল্পের কাজ বিলম্ব না করে মালিকদের বিনামূল্যে তাদের গাছ, বহুবর্ষজীবী ফসল/মাছ ইত্যাদি কেটে ফেলা এবং নিয়ে যাওয়ার অনুমতি দেওয়া হবে।</li> </ul>
৪.	মালিক/ স্কোয়ারটারদের আবাসিক/ বাণিজ্যিক স্থাপনার ক্ষতি	আইনসম্মত মালিক বা স্কোয়ারটার (দখলকারী)	<ul style="list-style-type: none"> <li>আইনি মালিকদের জন্য অবকাঠামোর প্রতিস্থাপন মূল্য PVAC কর্তৃক নির্ধারিত হয়, যার মধ্যে CUL অন্তর্ভুক্ত রয়েছে।</li> <li>স্কোয়ারটারদের জন্য PVAC কর্তৃক স্থাপনার RV নির্ধারণ করবে।</li> <li>স্কোয়ারটারদের জন্য STG এবং SRG উভয়ের ক্ষেত্রে স্থাপনার জন্য স্থানান্তর অনুদান/ সহায়তা (Structure Transfer Grant-STG) এবং পুনঃনির্মাণ অনুদান/ সহায়তা (Structure Reconstruction Grant-SRG) মূল স্থাপনার প্রতিস্থাপন মূল্যের ১২.৫০% হারে প্রদান করা হবে।</li> <li>বহনযোগ্য (পোর্টেবল) উপকরণের জন্য এককালীন স্থানান্তর অনুদান প্রদান করা হবে [(ক) কাঁচা স্থাপনার জন্য ৩,০০০ (তিন হাজার) টাকা; (খ) আধা পাকা স্থাপনার জন্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা; এবং (গ) পাকা স্থাপনার জন্য ৭,০০০ (সাত হাজার) টাকা।]</li> </ul>

ডিপো এলাকার জন্য হালনাগাদকৃত পুনর্বাসন কর্ম পরিকল্পনা (র‍্যাপ-১)

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১ (এমআরটি লাইন-১)

ক্রম	ক্ষতির শ্রেণি	প্রাপ্যযোগ্য ব্যক্তি (সুবিধাভোগী)	এমআরটি লাইন ১-এর হালনাগাদকৃত প্রাপ্যসমূহ (Entitlement)
			<ul style="list-style-type: none"> <li>মালিকদের স্থাপনার উপকরণসমূহ ডিএমটিসিএল কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিনামূল্যে নিয়ে যাওয়ার অনুমতি দেওয়া হবে।</li> </ul>
৫.	সর্বজনীন ব্যবহার্য সম্পত্তির (সিপিআর) ক্ষতি: (ক) ভূমির স্বত্বসহ বা (খ) ভূমির স্বত্ব (Title) ছাড়া	(ক) CCL অর্থপ্রদানের প্রক্রিয়ায় জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক শনাক্তকৃত আইনসম্মত মালিক (বা নিবন্ধিত কমিটি) (খ) JVC এবং শুমারি দ্বারা চিহ্নিত RoW-তে নির্মিত অবকাঠামোর সামাজিকভাবে স্বীকৃত মালিকগণ	<ul style="list-style-type: none"> <li>আইনসম্মত মালিকদের জেলা প্রশাসকের কার্যালয় থেকে CUL প্রদান করা হবে, এছাড়াও PVAC কর্তৃক নির্ধারিত অবকাঠামোর জন্য CCL এবং RV-এর মধ্যে পার্থক্যের সমপরিমাণ ক্ষতিপূরণও প্রদান করা হবে।</li> <li>স্বত্ব (Titled) ছাড়া ভূমিতে CPR-এর জন্য নগদ ক্ষতিপূরণ স্থাপনার জন্য প্রতিস্থাপন খরচ (RV)-এর সাথে মিল করে PVAC কর্তৃক নির্ধারণ করা হবে।</li> <li>নন-টাইটেল হোল্ডারদের জন্য PVAC কর্তৃক নির্ধারিত মূল্য অনুযায়ী ভাঙনের এবং পুনর্গঠনের জন্য নগদ সহায়তা প্রদান করা হবে।</li> <li>মালিকদের স্থাপনার উপকরণসমূহ (ডিএমটিসিএল ঘোষিত সময়সীমার মধ্যে) বিনামূল্যে নিতে দেওয়া হবে।</li> </ul>
৬.	আবাসিক বাড়ি/ বাণিজ্যিক অবকাঠামতে প্রবেশাধিকার হারানো (ভাড়া দেওয়া বা লিজ দেওয়া)	ভাড়া দেওয়া/ লিজ দেওয়া সম্পত্তির ভাড়াটিয়া, বাণিজ্যিক প্রতিষ্ঠানের ভাড়াটিয়া	<ul style="list-style-type: none"> <li>হাউস ট্রান্সফার গ্রান্ট (HTG) প্রত্যেক স্থানান্তরকারী ভাড়াটিয়াকে আবাসিক স্থাপনার আসবাবপত্র এবং জিনিসপত্র স্থানান্তরের জন্য, ক্ষতি আইটেম # ৪-এ উল্লিখিত একই হারে প্রদান করা হবে [(ক) কাঁচা অবকাঠামোর জন্য ৩,০০০ (তিন হাজার) টাকা; (খ) আধা পাকা অবকাঠামোর জন্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা; এবং (গ) পাকা অবকাঠামোর জন্য ৭,০০০ (সাত হাজার) টাকা।]</li> <li>বাণিজ্যিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্টক ট্রান্সফার খরচ (STC) ছোট ব্যবসার জন্য @ ৫,০০০ (পাঁচ হাজার) টাকা, মাঝারি ব্যবসার জন্য ১০,০০০ (দশ হাজার) টাকা এবং বড় ব্যবসার জন্য ১৫,০০০ (পনের হাজার) টাকা প্রদান করা হবে।</li> </ul>
৭.	স্থানচ্যুতির কারণে কমিউনিটিভিত্তিক ব্যবসার (CBEs) ক্ষতি	শুমারি/ JVS দ্বারা নথিভুক্ত আইনসম্মত মালিক, স্কোয়াটার (দখলকারী) এবং বিক্রেতাসহ ব্যবসার মালিক/অপারেটর	<ul style="list-style-type: none"> <li>ব্যবসায়িক ক্ষতির জন্য CCL প্রদান করা হবে।</li> <li><b>কোনো আয়কর প্রদানের রেকর্ড ছাড়াই ব্যবসা:</b> ব্যবসার স্থায়ী ক্ষতির ক্ষেত্রে ট্রানজিশন অ্যালাউন্স (TA) ছোট ব্যবসার জন্য ০৩ (তিন) মাসের আয়ের সমতুল্য ৬,০০০ (ছয় হাজার) টাকা (২,০০০×৩), মাঝারি ব্যবসার জন্য ১২,০০০ (বারো হাজার) টাকা (৪,০০০×৩) এবং বড় ব্যবসার জন্য ১৮,০০০ (আঠার হাজার) টাকা (৬,০০০×৩) প্রদান করা হবে।</li> <li><b>আয়কর প্রদানের রেকর্ডসহ ব্যবসা:</b> পূর্ববর্তী বছরের আয়কর প্রদানের রেকর্ডের ভিত্তিতে গণনা করা ৩ (তিন) মাসের আয়ের সমতুল্য TA প্রদান করা হবে, যা ছোট ব্যবসার জন্য ২০,০০০ (বিশ হাজার) টাকার বেশি নয়, মাঝারি ব্যবসার জন্য ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার বেশি নয়, এবং বড় ব্যবসার জন্য ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) টাকার বেশি নয়।</li> </ul>
৮.	বাড়ি ভাড়া আয়ের ক্ষতি	JVS দ্বারা নথিভুক্ত প্রাঙ্গণের মালিক (আবাসিক / বাণিজ্যিক)	<ul style="list-style-type: none"> <li>ভাড়া আয়ের ক্ষতির জন্য ৩ (তিন) মাসের জন্য সমপরিমাণ মাসিক ভাতা প্রতিটি ক্ষতিগ্রস্ত ভাড়া প্রাঙ্গণের জন্য: (ক) কাঁচা অবকাঠামোর জন্য প্রতি মাসে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হারে; (খ) আধা-পাকা বা ৫০০ বর্গফুটের কম পাকা অবকাঠামোর জন্য প্রতি মাসে ১০,০০০ (দশ হাজার) টাকা হারে; এবং (গ) ৫০০ বর্গফুটের সমান বা তার ওপরে পাকা অবকাঠামো/অ্যাপার্টমেন্টের জন্য প্রতি মাসে ১৫,০০০ (পনের হাজার) টাকা হারে ট্রানজিশন অ্যালাউন্স (TA) প্রদান করা হবে।</li> </ul>

ডিপো এলাকার জন্য হালনাগাদকৃত পুনর্বাসন কর্ম পরিকল্পনা (র‍্যাপ-১)

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১ (এমআরটি লাইন-১)

ক্রম	ক্ষতির শ্রেণি	প্রাপ্যযোগ্য ব্যক্তি (সুবিধাভোগী)	এমআরটি লাইন ১-এর হালনাগাদকৃত প্রাপ্যসমূহ (Entitlement)
৯.	স্থানচ্যুতির কারণে কর্মচারীদের আয় এবং কর্মদিবসের ক্ষতি	শুমারি অথবা যৌথ যাচাই কমিটি (JVC) দ্বারা চিহ্নিত কর্মচারী	<ul style="list-style-type: none"> <li>ক্ষতিগ্রস্ত কর্মচারী /মজুরি উপার্জনকারীদের নগদ অনুদান বর্তমান সরকারি হার অনুসারে ৪৫ দিনের মজুরির সমতুল্য (যা বর্তমানে অদক্ষ শ্রমিকদের জন্য ৫০০ টাকা/প্রতিদিন এবং দক্ষ শ্রমিকদের জন্য ৫৫০/প্রতিদিন)।</li> <li>প্রকল্প নির্মাণ কাজে অগ্রাধিকারমূলক কর্মসংস্থান (সুযোগ সাপেক্ষে)।</li> </ul>
১০.	দরিদ্র এবং প্রান্তিক/ঝুঁকিপূর্ণ খানা	শুমারি অথবা JVS দ্বারা চিহ্নিত দরিদ্র এবং ঝুঁকিপূর্ণ/ প্রান্তিক পরিবারবর্গ	<ul style="list-style-type: none"> <li>ক্ষতিগ্রস্ত দরিদ্র নারীপ্রধান পরিবার এবং অন্যান্য দুর্বল/ প্রান্তিক পরিবারের জন্য ১০,০০০ (দশ হাজার) টাকা অতিরিক্ত নগদ অনুদান প্রদান।</li> <li>ক্ষতিগ্রস্ত ব্যক্তি (AP) বা তার কর্তৃক মনোনীত ব্যক্তির জন্য IGA প্রশিক্ষণ প্রদান।</li> </ul>
১১.	নির্মাণের সময় অস্থায়ী প্রভাব	কমিউনিটি / ব্যক্তি	<ul style="list-style-type: none"> <li>যন্ত্রপাতির চলাচলের কারণে এবং ধার করা উপকরণ সংগ্রহ ও পরিবহনের কারণে স্থাপনা বা ভূমিতে যে কোনো প্রভাবের খরচ ঠিকাদার বহন করবে।</li> <li>প্রস্তাবিত ROW-এর বাইরের ভূমির সমস্ত অস্থায়ী ব্যবহার ভূমির মালিক এবং ঠিকাদারের লিখিত অনুমোদনের মাধ্যমে হতে হবে।</li> <li>পূর্বের অবস্থায় অথবা তার চেয়ে ভালো অবস্থায় ভূমিটি মালিকের কাছে ফেরত দিতে হবে।</li> </ul>
১২.	ডিপো পার্শ্ববর্তী এলাকায় বসবাসকারী পরিবারের ওপর অস্থায়ী প্রভাব	পার্শ্ববর্তী এলাকায় বসবাসকারী বাসিন্দারা (ডিপোর সীমানা থেকে ১০০ মিটারের মধ্যে)	<ul style="list-style-type: none"> <li>ভারী নির্মাণকাজের জন্য ডিএমটিসিএল দ্বারা ঘোষিত ডিপো পার্শ্ববর্তী এলাকায় সীমানা থেকে ১০০ মিটারের মধ্যে ব্যবহার্য ইমারতগুলোর বাসিন্দারা অন্তর্বর্তী সময়ে (সর্বাধিক ৩ মাস) বিকল্প আবাসনের জন্য একটি বিকল্প ভাড়া ভাতা (Alternative Rental Allowance) পেতে পারেন।</li> <li>বিকল্প ভাড়া ভাতা কেবল RAP IA (কেএমসি) এবং এনকেডস দ্বারা নিশ্চিতকৃত স্থানান্তরের ক্ষেত্রে প্রদান করা হবে।</li> <li>ক্ষতির পরিমাণ আইটেম #৮-এর সমান হবে, অর্থাৎ (ক) কাঁচা অবকাঠামোর জন্য প্রতি মাসে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হারে; (খ) আধা-পাকা বা ৫০০ বর্গফুটের কম পাকা অবকাঠামোর জন্য প্রতি মাসে ১০,০০০ (দশ হাজার) টাকা হারে; এবং ৫০০ বর্গফুটের সমান বা তার ওপরে পাকা অবকাঠামো/ অ্যাপার্টমেন্টের জন্য প্রতি মাসে ১৫,০০০ (পনের হাজার) টাকা হারে প্রদান করা হবে।</li> </ul>

## ৭. পুনর্বাসন এবং জীবিকা পুনঃস্থাপন (Resettlement and Livelihood Restoration)

জরিপ এবং মতবিনিময় সভার মাধ্যমে প্রতীয়মান হয় যে, প্রায় সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তি (PAP) ক্ষতিপূরণের জন্য নগদ অর্থকে বেছে নিয়েছেন। সুতরাং, এই প্রকল্পে কোনো স্থানান্তর বিকল্প বিবেচনা করা হয়নি। বাস্তবায়িত খানাসমূহ এবং সিপিআরগুলি নগদ ক্ষতিপূরণ পাওয়ার পরে নিজেরাই স্ব-উদ্যোগে স্থানান্তরিত হবেন।

যে কোনো পুনর্বাসন পরিকল্পনার মূল উদ্দেশ্য হলো ক্ষতির পরিমাণ হ্রাস করা। এভাবে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের (PAPs) জন্য আয়

এবং জীবিকা পুনরুদ্ধার কৌশল হিসেবে একটি আয় এবং জীবিকা পুনরুদ্ধার কর্মসূচি (ILRP) বিবেচনা করা হয়। প্রাপ্যতার ছক অনুযায়ী ILRP-এর অধীনে জীবিকা পুনরুদ্ধারের প্রশিক্ষণ কর্মসূচির প্রস্তাব করা হয়েছে। RAP বাস্তবায়নের সময় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাথে আলোচনা করে প্রশিক্ষণের বিষয়সমূহ ঠিক করা হবে। ডিএমটিসিএল-এর অনুমোদন সাপেক্ষে RAP IA (কেএমসি) এ ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা করবে।

এ মর্মে প্রস্তাব করা হয়েছে, যে সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তির জীবিকা প্রকল্পের দ্বারা প্রভাবিত হবে, তারা প্রকল্প নির্মাণ কার্যক্রমের সাথে যুক্ত চাকরিতে অগ্রাধিকার পাবেন। যদি সম্ভব হয় তবে নারী এবং শারীরিকভাবে প্রতিবন্ধী ক্ষতিগ্রস্তদের প্রকল্পের সাথে সম্পর্কিত অগ্রাধিকারমূলক কর্মসংস্থানের ব্যবস্থা করা যেতে পারে। ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ তাদের যোগ্যতার ভিত্তিতে প্রকল্পে এ ধরনের চাকরি পেতে পারেন। যদি সম্ভব হয়, তবে ঠিকাদারের চুক্তিপত্রে এমন একটি দফা অন্তর্ভুক্ত করার পরামর্শ দেওয়া হয়েছে, যাতে ইপি আইডি কার্ডধারী ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য এ ধরনের কর্মসংস্থান প্রদান করতে ঠিকাদারদের উৎসাহিত করা হয়।

## ৮. অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া (Grievance Redress Mechanism-GRM)

পুনর্বাসন-সম্পর্কিত বিরোধ মোকাবিলা করতে এবং প্রকল্পকে ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও তাদের সম্প্রদায়ের কাছে দায়বদ্ধ রাখতে, প্রকল্পের অধীনে অভিযোগ করা এবং তা প্রতিকারের একটি ব্যবস্থা চালু থাকবে। ব্যবস্থাটি ক্ষতিপূরণ প্রদান এবং পুনর্বাসন সুবিধা, পরিবেশ, নিরাপত্তা ও অন্যান্য সামাজিক উদ্বেগ সম্পর্কিত বিভিন্ন বিষয়ে উদ্ভূত বিরোধ নিষ্পত্তি করার জন্য সরকারিভাবে স্বীকৃত হবে। এ ব্যবস্থার মৌলিক উদ্দেশ্য হলো সামাজিক এবং পুনর্বাসন-সংক্রান্ত সমস্যাগুলোর সুষ্ঠুভাবে সমাধানের সুবিধার্থে সংশ্লিষ্ট পক্ষের সাথে পরামর্শ করে স্থানীয়ভাবে পুনর্বাসন সংক্রান্ত অভিযোগের নিষ্পত্তি করা।

এ প্রকল্পে সামাজিক পুনর্বাসন এবং পরিবেশ সংক্রান্ত সমস্যাগুলোর বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিদের অভিযোগের প্রতিকারের জন্য একটি অভিযোগ নিষ্পত্তি কমিটি কার্যকর থাকবে। অন্যান্য উন্নয়ন প্রকল্পের মতো এ প্রকল্পের জন্যও একটি বহুস্তরীয় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRM) থাকা অতীব গুরুত্বপূর্ণ।

প্রথমত, স্থানীয় পর্যায়ে GRC থাকবে যা স্থানীয় GRC নামে পরিচিত (বিভিন্ন এলাকার জন্য আলাদা হতে পারে, উদাহরণস্বরূপ ডিপো এবং প্রধান লাইন); এবং পরবর্তী স্তরের GRC হলো প্রকল্প পর্যায়ের GRC যেখানে, অভিযোগগুলোকে যথাযথভাবে পর্যালোচনা করার জন্য সুযোগ দেওয়া হবে। এই GRC-গুলো ডিএমটিসিএল-এর অফিসিয়াল আদেশের মাধ্যমে প্রতিষ্ঠিত হবে। মতবিনিময় সভার মাধ্যমে এবং অন্যান্য উপযুক্ত উপায়ে প্রকল্পের ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অবহিত করা হবে যে, স্থানীয় কমিটির কাছে তাদের অভিযোগ জানানোর অধিকার রয়েছে, পাশাপাশি তারা প্রকল্প স্তরের কমিটির কাছে পর্যালোচনার জন্য আবেদন করতে পারবে। ক্ষতিগ্রস্ত ব্যক্তি GRC-এর কাছে অভিযোগ বা প্রশ্ন উপস্থাপনে তাদের সহায়তা করার জন্য RAP IA (কেএমসি)-এর সাহায্যের জন্যও আহ্বান জানাতে পারে। স্থানীয় GRC (LGRC) প্রথমে অভিযোগ শুনবেন। এ স্তরে অমীমাংসিত সমস্যাগুলো আরও পর্যালোচনা এবং সমাধানের জন্য স্থানীয় স্তরের GRC দ্বারা পরবর্তী স্তর অর্থাৎ প্রকল্প স্তরের GRC-এর নিকট (PGRC) প্রেরণ করা হবে।

স্থানীয় পর্যায়ের GRC-এর সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে সংশ্লিষ্ট ব্যক্তি আরও পর্যালোচনার জন্য LGRC-এর আহ্বায়কের মাধ্যমে প্রকল্প স্তরের GRC-তে আপীল দায়ের করতে পারবেন। GRC-এর সিদ্ধান্তগুলো সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে গৃহীত হবে এবং অংশীজনদের পর্যালোচনার জন্য প্রকাশ করতে হবে। GRC-এর জন্য প্রস্তাবিত গঠন, তাদের দায়িত্ব ও কর্তব্য এবং নথিবদ্ধকরণ পদ্ধতিসমূহ মূল রিপোর্টে ব্যাখ্যা করা হয়েছে।

## ৯. RAP বাস্তবায়ন ব্যবস্থা (RAP Implementation Arrangement)

হালনাগাদকৃত RAP-এর ওপর ভিত্তি করে ডিপো RAP বাস্তবায়ন করা হবে। প্রকল্প পরামর্শক প্রতিষ্ঠান এবং RAP IA (কেএমসি)-এর মাধ্যমে, ডিএমটিসিএল-এর সার্বিক দায়িত্ব ও তত্ত্বাবধানে এ বাস্তবায়ন কার্যক্রম সংঘটিত হবে। RAP বাস্তবায়ন প্রক্রিয়ার সাথে জড়িত বিভিন্ন সংস্থার দায়িত্ব এবং কর্তব্য মূল রিপোর্টে ব্যাখ্যা করা হয়েছে।

RAP বাস্তবায়নে সহায়তা করার জন্য প্রকল্প স্বত্বাধিকারীর (Project Owner) দ্বারা সরকারি গেজেট বা সমতুল্য অফিসিয়াল

বিজ্ঞপ্তির মাধ্যমে গঠিত তিনটি সংবিধিবদ্ধ RAP কমিটি গঠন করা হবে। এগুলো হলোঃ ক্ষতিগ্রস্ত সম্পত্তির পরিমাণ নির্ধারণের জন্য যৌথ যাচাইকরণ কমিটি (JVC), ক্ষতিগ্রস্ত সম্পত্তির প্রতিস্থাপনের মূল্য নির্ধারণের জন্য সম্পত্তির মূল্য নির্ধারণ কমিটি (PVAC) এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অভিযোগ সমাধানের জন্য অভিযোগ নিষ্পত্তি কমিটি (GRC)। কমিটিসমূহের বিন্যাস ও গঠন সম্পত্তির পরিমাণ ও মূল্যায়নের পদ্ধতি এবং অভিযোগ নিষ্পত্তির প্রক্রিয়া ডিএমটিসিএল দ্বারা নির্ধারিত হবে। উন্নয়ন সহযোগীরা (Development Partners) কমিটিতে সাধারণ জনগণের অংশগ্রহণকে উৎসাহিত করে।

এ RAP, JVC এবং PVAC গঠনের পাশাপাশি তাদের চূড়ান্ত কর্মপরিধি ও দায়িত্বসমূহের একটি পরামর্শমূলক রূপরেখা প্রদান করেছে। ডিএমটিসিএল এক্ষেত্রে অন্য কোনো রূপরেখা গঠনের ব্যাপারেও চিন্তা করতে পারে। ডিএমটিসিএল কমিটিগুলোর চূড়ান্ত কর্মপরিধি ও দায়িত্ব নির্ধারণ করবে এবং সরকারিভাবে গঠন আদেশে (Official Formation Order) সেগুলো উল্লেখ করবে। কমিটির আহ্বায়ক প্রয়োজনে যে কোনো ব্যক্তিকে কমিটিতে সদস্য হিসেবে নির্বাচিত (co-opt) করতে পারবেন। এছাড়া কমিটি যে কোনো ব্যক্তিকে তাদের মতামত জানানোর জন্য আহ্বান করতে পারে।

## ১০. খরচ এবং বাজেট (Cost and Budget)

ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসনের ব্যয়কে ৩টি ভাগে বিবেচনা করা যেতে পারে। যথাঃ জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক প্রদত্ত ক্ষতিপূরণ, ডিএমটিসিএল দ্বারা সরাসরি প্রদত্ত পুনর্বাসন সুবিধা এবং RAP বাস্তবায়ন কার্যক্রমের ব্যয়। প্রথম ২টি আইটেম বাংলাদেশ সরকার এবং জাইকা কর্তৃক স্বীকৃত অর্থায়ন পরিকল্পনা অনুযায়ী জাইকার ঋণ অংশের অন্তর্ভুক্ত নয়, অর্থাৎ প্রকল্পের সরকারি অংশ থেকে অর্থ প্রদান করতে হবে। অন্যদিকে, RAP IA এবং EMA-এর পরিচালন খরচ পরামর্শক প্রতিষ্ঠানের (Consultant) খরচের আওতাধীন, যা জাইকা ঋণের অন্তর্ভুক্ত।

জেলা প্রশাসকের কার্যালয় ভূমি, অবকাঠামো এবং গাছের জন্য তাদের প্রাক্কলন প্রস্তুত করে (স্মারক নম্বরঃ ০৫.৪১.৬৭০০.৩০২.০১৪.২৭.১৯-৪৭৩, তারিখ ০৯ নভেম্বর ২০২১), যার মোট পরিমাণ ছিল ১,২২১,২৭,৮৬,১৪১.৫৬ টাকা, ২% প্রশাসনিক খরচসহ। পরবর্তীকালে ১৩ মার্চ ২০২২-এ জেলা প্রশাসকের কার্যালয় CUL প্রাক্কলন সংশোধন করেছে, যা ১২২৯.১১ কোটি টাকা (রেফারেন্স: ০৫.৪১.৬৭০০.৩০২.০১৪.২৭. ১৯.১০/২০১৯-২০২০-১৩২, তারিখ ১৩ মার্চ ২০২২)।

স্থানীয় জনগণ এবং সাব-রেজিস্ট্রারের কার্যালয়সহ বিভিন্ন সূত্র থেকে সংগৃহীত গড় মূল্যহারের ভিত্তিতে ভূমির জন্য প্রতিস্থাপন মূল্য (RV) নির্ধারণ করা হয়েছে। দেখা যায় যে, ২০০% প্রিমিয়ামসহ মৌজার হার বর্তমান বাজারমূল্যের জন্য যথেষ্ট। তাই জেলা প্রশাসকের কার্যালয় প্রদত্ত অর্থপ্রদানের ওপরে অতিরিক্ত ক্ষতিপূরণ বাজেটের বিষয়টি বিবেচনা করা হয়নি। একইভাবে স্থাপনা এবং গাছের দামের অতিরিক্ত ১০০% প্রিমিয়ামের পরে স্থাপনা এবং গাছগুলোর জন্য CUL-এর পর প্রতিস্থাপন মূল্য প্রয়োজন নেই। এভাবে ভূমি, স্থাপনা এবং গাছের জন্য কোনো অতিরিক্ত ক্ষতিপূরণ বিবেচনা করা হয়নি।

RAP বাস্তবায়ন ব্যয় RAP IA এবং External Monitoring Agency (EMA)-এর ব্যয় নিয়ে গঠিত। RAP IA (কেএমসি)-এর প্রকৃত চুক্তিমূল্য ৮,২১,৬৮,৮০০/- টাকা। E/S চুক্তিতে EMA-এর জন্য বাজেট বরাদ্দ হলো ২৫,৩২,০০০/- টাকা, যা E/S চুক্তির শর্ত অনুসারে মোটের উপর ২/৩ অংশ। এই হিসেবে, EMA-এর জন্য মোট বাজেট ৩৭,৯৮,০০০/- টাকা।

RAP এনটাইটেলমেন্ট অনুযায়ী পুনর্বাসনের সুবিধার বিস্তারিত নির্ধারণ করা হয়েছে। এটি একটি সম্ভাব্য বাজেট এবং সমস্ত ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সংখ্যা JVC কর্তৃক নিশ্চিত করা হবে, যেখানে সমস্ত ইউনিট র‍্যেট PVAC কর্তৃক নির্ধারণ করা হবে।

ডিএমটিসিএল-এর PIU নিশ্চিত করবে যে, ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসন বাজেট আইনি মালিকদের ক্ষতিপূরণ প্রদানের জন্য জেলা প্রশাসকের অ্যাকাউন্টে সময়মতো জমা করা হয়েছে। PIU এটাও নিশ্চিত করবে যে, RAP-এ অনুমোদিত পুনর্বাসন সুবিধার (Resettlement Benefits/Top Up) বাজেট ভৌত কাজের চুক্তি সম্পাদনের পূর্বে যোগ্য ব্যক্তিদের অর্থ প্রদানের জন্য প্রস্তুত রয়েছে। এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্স অনুসরণ করে পুনর্বাসনের সুবিধার বাজেট তৈরি করা হয়েছে, যার পরিমাণ হলো ৩৬,৯৪,০৩,২৮৪/- টাকা।

## ১১. পর্যবেক্ষণ এবং মূল্যায়ন (Monitoring and Evaluation)

## ডিপো এলাকার জন্য হালনাগাদকৃত পুনর্বাসন কর্ম পরিকল্পনা (র‍্যাপ-১)

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১ (এমআরটি লাইন-১)

RAP বাস্তবায়নের সাথে জড়িত ডিএমটিসিএল, প্রকল্প পরামর্শক প্রতিষ্ঠান, RAP বাস্তবায়নকারী সংস্থা (RAP IA) এবং বহিরাগত মনিটরিং সংস্থাকে (EMA) নিরীক্ষণের জন্য একটি মনিটরিং পদ্ধতি স্থাপন করা হবে। পদ্ধতিটি শুধু অগ্রগতিই পর্যবেক্ষণ করবে না, উপরন্তু বাধ্যবাধকতা পর্যবেক্ষণের (Compliance Monitoring) দিকেও নজর দেবে। সমস্ত পর্যবেক্ষণের ফলাফল বিভিন্ন সময়ে বিভিন্নরূপে পদ্ধতিগতভাবে নথিভুক্ত করা হবে। কিছু প্রতিবেদন জাইকার কাছেও প্রেরিত হবে। এছাড়া, একটি সমাপ্তি প্রতিবেদন (Completion Report) RAP বাস্তবায়নের কার্যকারিতা মূল্যায়ন করবে। জাইকা ইতোমধ্যেই এ প্রকল্পের জন্য একটি শীর্ষ স্তরের RAP মনিটরিং ফরম্যাটের পরামর্শ দিয়েছে। অন্যান্য বাস্তবায়ন পর্যবেক্ষণ ফরম্যাট এবং বাধ্যবাধকতা পর্যবেক্ষণ (Compliance Monitoring) ফরম্যাট RAP IA এবং EMA দ্বারা তৈরি করা হবে।

PIU (ডিএমটিসিএল) এবং জাইকাকে মতামত (Feedback) প্রদান করতে এবং RAP-এর কার্যকারিতা মূল্যায়ন করতে অভ্যন্তরীণ এবং বাহ্যিক দুভাবেই RAP বাস্তবায়ন পর্যবেক্ষণ করা হবে। ডিএমটিসিএল এবং প্রজেক্ট কনসালট্যান্টের তত্ত্বাবধানে RAP IA দ্বারা অভ্যন্তরীণ পর্যবেক্ষণ করা হবে। মূলত বাহ্যিক পর্যবেক্ষণ EMA দ্বারা স্বাধীনভাবে পরিচালিত হবে। পুনর্বাসনের লক্ষ্যগুলো যথাযথভাবে পূরণ হয়েছে কিনা, বিশেষ করে জীবিকা ও জীবনযাত্রার মান পুনরুদ্ধার করা হয়েছে বা উন্নত হয়েছে কিনা তা মূল্যায়ন করতে RAP বাস্তবায়নের পরে পুনর্বাসন কার্যক্রমের মূল্যায়ন প্রতিবেদন তৈরি করা হবে। এই মূল্যায়নটি বাস্তবায়নের দক্ষতা, কার্যকারিতা, প্রভাব প্রশমন এবং স্থায়িত্ব নির্ধারণ করবে, যা ভবিষ্যতে পুনর্বাসন পরিকল্পনার (Resettlement Action Plan) জন্য একটি নির্দেশিকা হিসেবে কাজ করতে পারে।

RAP IA মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করবে এবং প্রকল্প পরামর্শক প্রতিষ্ঠান ত্রৈমাসিক LAP/ RAP পর্যবেক্ষণ প্রতিবেদন প্রস্তুত করবে। RAP বাস্তবায়নের সময় EMA অর্ধ-বার্ষিক প্রতিবেদন তৈরি করবে এবং RAP বাস্তবায়ন শেষ হওয়ার পরে একটি মূল্যায়ন প্রতিবেদন তৈরি করবে।

## ১২. উপসংহার এবং সুপারিশসমূহ (Conclusion and Recommendations)

প্রকল্পের জন্য মোট ৯২.৯৭২৫ একর (৩৭.৬২৫৪ হেক্টর) ব্যক্তিগত ভূমির প্রয়োজন হবে এর মধ্যে বেশির ভাগই কৃষি ভূমি এবং অল্প পরিমাণ ভিটা/ বাড়ি/ বাগানের ভূমি। প্রকল্পটি মোট ৫৭২টি ইউনিটকে প্রভাবিত করবে। এর মধ্যে ৩৭২টি ইউনিট (৩৫৮টি আবাসিক খানা, ১২টি আবাসিক ও বাণিজ্যিক ইউনিট এবং ০২টি সাধারণের জন্য ব্যবহার্য প্রতিষ্ঠান) প্রকল্পের কারণে বাস্তুচ্যুত হবে। এছাড়া, ০২টি সর্বজনীন ব্যবহার্য সম্পত্তিও ডিপো এলাকা থেকে বাস্তুচ্যুত হবে।

ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ স্ব-উদ্যোগে স্থানান্তরিত হতে আগ্রহী। ক্ষতিগ্রস্ত সম্পত্তির জন্য RAP-এ যথাযথ ক্ষতিপূরণের প্রস্তাব করা হয়েছে। উপরন্তু পুনর্বাসন সুবিধার (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রস্তাব করা হয়েছে। যথাযথ RAP বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বাস্তবায়ন ব্যবস্থা (Implementation Arrangements) এবং পর্যবেক্ষণ ব্যবস্থা (Monitoring Regime) তৈরি করা হয়েছে।